

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নম্বর: ৪৫.০০.০০০০.১৭৬.১৫.০১৫.২০.৮১

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬


প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং ৬৬৮৯/২০০৩ ও ৩৬৯২/২০০৪ এবং এর ধারাবাহিকতায় Civil Petition for Leave to Appeal নং-৩৭৭২/২০১৬ ও ৩৭৭৩/২০১৬ এর আদেশ অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগের অধীন “এডিবি সাহায্যপুষ্টি ২য় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা” শীর্ষক সমাপ্ত প্রকল্পের রিট পিটিশনার সিকিউরিটি গার্ডগণকে রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং ৬৬৮৯/২০০৩ ও ৩৬৯২/২০০৪ এবং উল্লিখিত রিট পিটিশনসমূহের ধারাবাহিকতায় Civil Petition for Leave to Appeal নং-৩৭৭২/২০১৬ ও ৩৭৭৩/২০১৬ এর তারিখের আদেশ অনুযায়ী এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৮/০১/২০০২ তারিখের সম/সওব্য/টিম-৫(২)-২৭/২০০০/২০ সংখ্যক স্মারক ও অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এর ২৪ মে ২০২৬ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.১৬৭.২০২৬-১২৭৫ সংখ্যক স্মারকে অর্থ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন “এডিবি সাহায্যপুষ্টি ২য় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা” শীর্ষক সমাপ্ত প্রকল্পের রিট পিটিশনার সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী) গণকে রাজস্বখাতে স্থানান্তরে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।


- ২। এক্ষেত্রে সরকারি চাকরি সংক্রান্ত সকল বিধি-বিধান ও আর্থিক নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৩। উল্লিখিত স্থানান্তরিত কর্মচারীগণের বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ৪। এ আদেশ জারিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


(সুশান্ত কুমার মাহাতো)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০১২৫৭
ইমেইল : pi2@hsd.gov.bd

নম্বর: ৪৫.০০.০০০০.১৭৬.১৫.০১৫.২০.৮১/১(১)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

অনুলিপি ০৪(চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব, বাজেট অনুবিভাগ-১, শাখা-৪, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর নিকট প্রেরণ করা হলো। এর ০১(এক) কপি পৃষ্ঠাংকনপূর্বক সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ০১(এক) কপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



(সুশান্ত কুমার মাহাতো)
সিনিয়র সহকারী সচিব



নম্বর: ০৭.১০৪.০১৪.২৭১১.১৬৭.২০২৬.-১৬২২

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
৪ জুন ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারিতে বাজেট অনুবিভাগ-১, শাখা-৪ এর সম্মতি রয়েছে।


(চৌধুরী আশরাফুল করিম)


উপসচিব
শাখা-৪
বাজেট অনুবিভাগ-১
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নম্বর: ৪৫.০০.০০০০.১৭৬.১৫.০১৫.২০.৮১/২(২৮)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: অতিরিক্ত সচিব (সওব্য)]।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা [দৃ:আ: অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ-১)]।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব, আইন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগ।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, কক্সবাজার/মেহেরপুর/জয়পুরহাট/ফেনী।
- ৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার/মেহেরপুর/জয়পুরহাট/ফেনী।
- ১০। জনাব..... সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী), সদর হাসপাতাল, কক্সবাজার/মেহেরপুর/জয়পুরহাট/ফেনী।


(সুশান্ত কুমার মাহাভে)
সিনিয়র সহকারী সচিব